

ভোটমুখী উন্নয়নের বাণী মুখ্যমন্ত্রীর

সংবাদপ্রতিনিধি,কমলপুরঃ ডনভেশ্বর।। দীর্ঘদিন পর ঘুম ভাঙল রাজ্য সরকারের। আসন্ন এ ডি সি নির্বাচনকে সামনে রেখে উদ্বোধনের তোরজোর চলছে মহকুমায়। আগামী এক বৎসরের মধ্যেই কুলাই প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের লাগোয়া তৈরি হবে জেলা হাসপাতাল, সঙ্গে অত্যাধুনিক ভাবে তৈরি করা হবে অস্ত্রোপচার কেন্দ্র। এছাড়া ডলুবাড়ির পুরনো জেলা কার্যালয় ভেঙে তৈরি করা হবে পলিটেকনিক ইনস্টিটিউট । আর মাত্র এক বছর তিন মাসের মধ্যে আমবাসা পূর্ত দফরের কার্যালয় ভেঙে তৈরি করা হবে প্রায় এক হাজার আসন বিশিষ্ট অত্যাধুনিক টাউন হল । এছাড়াও বিদ্যুৎ, পানীয় জল, খাদ্যশস্য, সেচ ব্যবস্থার উন্নয়ন ঘটবে গোটা ধলাই জেলায়। আমবাসা বাস টার্মিনালের উদ্বোধন করতে এসে এমনই আশার বাণী শোনালেন রাজ্যের মুখ্যমন্ত্রী মানিক সরকার। ধলাই পূর্ত দফতর ও গ্রামোন্নয়ন দফতরের উদ্যোগে প্রায় পাঁচ কোটি টাকা ব্যয়ে নির্মিত হয়েছিল বাস টার্মিনালটি।

উদ্বোধনী মঞ্চে এছাড়াও ছিলেন পরিবহন মন্ত্রী মানিক দে, টি আর টি সি'র চেয়ারম্যান সুধীর দাস। সভাপতিত্ব করেন আমবাসা নাগর পঞ্চায়েত চেয়ারম্যান উপেন্দ্র দেবনাথ। এদিকে এদিনই মুখ্যমন্ত্রী ধলাই জেলা আধিকারিকদের নিয়ে বৈঠক করেন জেলা সদর আমবাসাতে। প্রত্যন্ত এলাকার সার্বিক উন্নয়নের অর্থেই ছিল বৈঠকের মূল বিষয়বস্তু। আগামী স্ব-শাসিত জেলা পরিষদের নির্বাচনের প্রাক্কালে উন্নয়নের ধারা বইবে ধলাই জেলায়। উন্নয়নের প্রতিশ্রুতি কতটুকু বাস্তবায়িত হবে সেটাই চেয়ে থাকবে ধলাইবাসী।